১৮

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/ সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ

স্মারক নং- অশিবো/প্রশা/২০১০/৪২ (৭০০০)

তারিখ: ১৯/০৬/২০১৯ খ্রি:

## ২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচি (প্রস্তাবিত)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

| বিষয় ও সময়<br>সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত | বিষয় কোড | তারিখ ও দিন | বিষয় ও সময়<br>বিকাল ২টা থেকে ৫টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক)-১ম পত্র<br>২। সহজ বাংলা-১ম পত্র | ১০১<br>১০৩ | ০১/০২/২০২০<br>শনিবার | x | x |
| ১। বাংলা (আবশ্যিক)-২য় পত্র<br>২। সহজ বাংলা-২য় পত্র | ১০২<br>১০৪ | ০২/০২/২০২০<br>রবিবার | x | x |
| ১। ইংরেজি (আবশ্যিক)-১ম পত্র | ১০৭ | ০৪/০২/২০২০<br>মঙ্গলবার | x | x |
| ১। ইংরেজি (আবশ্যিক)-২য় পত্র | ১০৮ | ০৬/০২/২০২০<br>বৃহস্পতিবার | x | x |
| ১। গণিত (আবশ্যিক) | ১০৯ | ০৮/০২/২০২০<br>শনিবার | x | x |
| ১। ইসলাম ও নৈতিক শিক্ষা<br>২। হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা<br>৩। বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা<br>৪। খ্রিস্ট ধর্ম ও নৈতিক শিক্ষা | ১১১<br>১১২<br>১১৩<br>১১৪ | ১০/০২/২০২০<br>সোমবার | x | x |
| ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১৫৪ | ১১/০২/২০২০<br>মঙ্গলবার | x | x |
| ১। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। কৃষি শিক্ষা (তত্ত্বীয়)<br>৩। সঙ্গীত (তত্ত্বীয়)<br>৪। আরবি<br>৫। সংস্কৃত<br>৬। পালি<br>৭। শারীরিক শিক্ষা ও ক্রীড়া (তত্ত্বীয়)<br>৮। চারু ও কারুকলা (তত্ত্বীয়) | ১৫১<br>১৩৪<br>১৪৯<br>১২১<br>১২৩<br>১২৪<br>১৩৩<br>১৪৮ | ১২/০২/২০২০<br>বুধবার | ১। শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা<br>(অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য) | ১৪৭ |
| ১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা<br>৩। ফিন্যান্স ও ব্যাংকিং | ১৩৬<br>১৫৩<br>১৫২ | ১৩/০২/২০২০<br>বৃহস্পতিবার | x | x |
| ১। রসায়ন (তত্ত্বীয়)<br>২। পৌরনীতি ও নাগরিকতা<br>৩। ব্যবসায় উদ্যোগ | ১৩৭<br>১৪০<br>১৪৩ | ১৫/০২/২০২০<br>শনিবার | x | x |
| ১। ভূগোল ও পরিবেশ | ১১০ | ১৬/০২/২০২০<br>রবিবার | ১। ক্যারিয়ার শিক্ষা<br>(অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য) | ১৫৬ |
| ১। হিসাব বিজ্ঞান | ১৪৬ | ১৭/০২/২০২০<br>সোমবার | x | x |
| ১। বিজ্ঞান<br>২। উচ্চতর গণিত (তত্ত্বীয়) | ১২৭<br>১২৬ | ১৮/০২/২০২০<br>মঙ্গলবার | x | x |
| ১। জীব বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। অর্থনীতি | ১৩৮<br>১৪১ | ২০/০২/২০২০<br>বৃহস্পতিবার | x | x |
| ১। বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | ১৫০ | ২২/০২/২০২০<br>শনিবার | x | x |

অনুমোদিত
০৬.০৭.২০১৯

Scanned by CamScanner

# ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

| বিষয় | বিষয় কোড | তারিখ ও দিন | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২। সঙ্গীত (১৪৯) সহ সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা | | ২৩/০২/২০২০ রবিবার হতে ২৯/ ০২/ ২০২০ রবিবার পর্যন্ত। (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে) এবং ০৮/০৩/২০২০ রবিবার তারিখের মধ্যে হাতে হাতে প্রিন্ট কপি এবং ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে মাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে। | প্রতিদিন সকাল ১০ টা হতে পরীক্ষা শুরু হবে। | স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। (যে কেন্দ্র/ ভেন্যুতে তত্ত্বীয় পরীক্ষা দিয়েছে) | ১। সঙ্গীত বিষয়ের সঙ্গীত অংশের ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীকে প্রবেশপত্র, নিবন্ধনপত্র, বাদ্যযন্ত্র, তবলাবাদক ও সনাক্তকারী শিক্ষকসহ নিজ খরচে নির্ধারিত তারিখে সকাল ৯.৩০ মিনিটের মধ্যে কেন্দ্রে উপস্থিত হতে হবে।<br>ব্যবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোনক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না। |

বিশেষ নির্দেশাবলি :

১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
৩। প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করবে।
৫। ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮,২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান সমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে
৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।
৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবলমাত্র নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা (সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক) নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।
১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
১১। কেন্দ্র সচিব ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না ।
১২। সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।
১৩। ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব কেন্দ্র/ভেন্যুতে অনুষ্ঠিত হবে।
১৪। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃনিরীক্ষার জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

অনুমোদিত
০৬. ০৭. ২০২২

প্রফেসর মোঃ আবুল বাশার
আহবায়ক
আন্তঃ শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ কমিটি
ও
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

Scanned by CamScanner